

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বরিবার, সেপ্টেম্বর ২৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন কর]  
বিশেষ আদেশ

তারিখ: ০৭ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ১৫/মূসক/২০১৯—যেহেতু, “এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন” এশিয়ার পশ্চাদপদ নারী সমাজকে উন্নত শিক্ষা প্রদানের মাধ্যমে রাষ্ট্রের সকল স্তরে সৃজনশীল নারী নেতৃত্ব গড়িয়া তুলিবার লক্ষ্যে এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন আইন, ২০০৬ এর আওতায় প্রতিষ্ঠিত হইয়াছে এবং প্রতিষ্ঠানটি দরিদ্র নারীদের শিক্ষা বিস্তারে কাজ করিতেছে; এবং

যেহেতু, প্রতিষ্ঠানটি বিদেশি অর্থায়নে পরিচালিত হয় এবং ব্যবসায়িক ভিত্তিতে মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত হয় না;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, “এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন” এর শুধুমাত্র স্থান ও স্থাপনা ভাড়ার ক্ষেত্রে (সেবার কোড So৭৪.০০) অর্থাৎ “স্থান ও স্থাপনা ভাড়া” সেবার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে  
হাছান মুহম্মদ তারেক রিকাবদার  
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৩০৭৩)

মূল্য : টাকা ৪.০০